

১৭.।কমলকান্তের প্রার্থনা

হে অনন্ত অসীম

আমার প্রানের অধিকার,

পথ ভুলা পান্থ আমি

আমায় করো পাড়।

কত দীঘল রজনী কত শত বরষায়

তোমায় খুঁজেছি ধরায়,

দূর সীমানায় ফুল তাঁরায় তাঁরায়।

আজি এসো সন্ধ্যা জাগরনে

মোর হৃদয় আঞ্জীনায়;

তব পূজা দিব

হৃদয় এর প্রেম করুনায়।

লহ মোর প্রাণের প্রণতী

করো এ প্রাণ শান্ত,

আমি যে তোমার অরুন আলোকে

আলোকিত কমল কান্ত।